# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

আইসিটি বিভাগ, বিসিআইসি, ঢাকা।

**বিষয়: ইনোভেশন টিম/কমিটির মাসিক নিয়মিত ৩৪তম (২০২২-২০২৩ অর্থ বছরের ৫ম) সভার কার্যবিবরণী।**

১১ এপ্রিল, ২০২৩ তারিখ মঙ্গলবার বেলা ১.৩০ ঘটিকায় সংস্থার পরিচালক (কারিগরি ও প্রকৌশল)(অতি: দায়িত্ব) এবং ইনোভেশন অফিসার জনাব কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম এর সভাপতিত্বে বিসিআইসি এর ৫ম তলার কনফারেন্স রুমে ইনোভেশন টিম/কমিটির নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ইনোভেশন টিম/কমিটির সদস্য/কর্মকর্তাদের নামের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) নিম্নরূপ:

| ক্রম | নাম | পদবী |
|---|---|---|
| ১. | জনাব মোঃ শাহীন কামাল | পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ২. | জনাব এ বি এম ফেরদৌস | মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ ও সদস্য-সচিব, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৩. | জনাব মীর মনির হোসেন | মহাব্যবস্থাপক, পিআইডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৪. | মোঃ নূরুল ইসলাম | মহাব্যবস্থাপক(এমটিএস), এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৫. | জনাব মোঃ মেফতাউল ইসলাম | বিভাগীয় প্রধান, আরপিডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৬. | জনাব কাজী আশরাফুল ইসলাম | মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |

২.০ সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভা শুরু করার জন্য ইনোভেশন কমিটি'র সদস্য সচিবকে অনুরোধ করেন। সদস্য সচিব জনাব এ বি এম ফেরদৌস, বিভাগীয় প্রধান বিগত ০১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ৪র্থ (নিয়মিত ৩৩তম) সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য অনুরোধ করেন। কারো কোন আপত্তি না থাকায় সভাপতি মহোদয় কার্যবিবরণী অনুমোদন করেন। সভায় সর্বসম্মতক্রমে তা গৃহীত হয়।

৩.০ সভায় এ পর্যায়ে সভাপতি মহোদয় ২০২২-২০২৩ অর্থ বছরের ৪র্থ সভার সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন প্রতিবেদন ও এতদসংক্রান্ত তথ্য উপাত্ত উপস্থাপন করার জন্য ইনোভেশন কমিটি'র সদস্য সচিব জনাব এ বি এম ফেরদৌস, বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ-কে অনুরোধ করেন।

৪.০. আলোচনা:

৪.১) ইনোভেশন কমিটি'র সদস্য সচিব জনাব এ বি এম ফেরদৌস, বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ, বিসিআইসি ২০২২-২০২৩ অর্থ বছরের ৪র্থ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

| ক্রম | সিদ্ধান্ত | অগ্রগতি |
|---|---|---|
| ৫.১ | সভায় পূর্ব প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে সভার নোটিশের সাথে পূর্ববর্তী সভার কার্যবিবরণী পুনরায় প্রেরণ করতে হবে। বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | বাস্তবায়িত |
| ৫.২ | শিল্প মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বিএসইসির পুরস্কার পরিদর্শনের জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা যেতে পারে:<br>(ক) স্বয়ংক্রিয়ভাবে পাইপের হিট ট্রিটমেন্ট এর জন্য জনাব মোঃ সলেহ ইবনে শমসের, মহাব্যবস্থাপক(উৎপাদন), জনাব মোঃ মেফতাউল ইসলাম বিভাগীয় প্রধান, আরপিডি ও জনাব কাজী আশরাফুল ইসলাম মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ পরিদর্শন করে বিসিআইসিতে বাস্তবায়ন করা যায় কিনা সে বিষয়ে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন আগামী সভায় উপস্থাপন করবেন।<br>(খ) অনলাইন কেইস ম্যানেজমেন্ট এর জন্য জনাব এ বি এম ফেরদৌস, বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ এবং আইন উপ বিভাগের মহাব্যবস্থাপক জনাব আহসান কুদ্দুস কুন্তল পরিদর্শন করে বিসিআইসিতে বাস্তবায়ন করা যায় কিনা সে বিষয়ে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন আগামী সভায় উপস্থাপন করবেন।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | বাস্তবায়িত |
| ৫.৩ | টিএসপিসিএল এর জনাব মো: আতাউর রহমান, ব্যবস্থাপনা পরিচালক কারখানার মিলিং-২ প্ল্যান্টে ব্যাগ ফিল্টার স্থাপন শিরোনামের ইনোভেশন সেবা হিসেবে সিটিজেন চার্টার এ অর্ন্তভুক্ত করার জন্য সিটিজেন চার্টার প্রস্তুতকারী কমিটিকে অনুরোধ জানিয়ে পত্র দিতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | গত ০৯/০২/২০২৩ তারিখে পত্র দেয়া হয়েছে। |
| ৫.৪ | ২০২২-২০২৩ অর্থ বছরে ইনোভেশন হিসেবে পুরস্কার প্রাপ্ত হননি এমন সকল প্রস্তাব উপস্থাপনকারী কর্মকর্তাকে পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী letter of appreciation সনদ আগামী ১৫/০২/২০২৩ তারিখের মধ্যে প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | ড্রাফট তৈরী হয়েছে। অনুমোদিত হলে দেয়া হবে। |

| ক্রম | সিদ্ধান্ত | অগ্রগতি |
|---|---|---|
| ৫.৫ | ৫টি ধারণার মধ্যে ১-৪টি ধারণার আগামী ০৭ দিনের মধ্যে সুনির্দিষ্ট প্রস্তাব আনতে হবে। ৫ নং ধারণার বিষয়ে হিসাব নিয়ন্ত্রক এবং মহাব্যবস্থাপক(বাণিজ্যিক) এর মতামত নেয়া যেতে পারে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | ৪টি ধারণার সুনির্দিষ্ট প্রস্তাব পাওয়া গেছে। ৫ নং ধারণার বিষয়ে হিসাব নিয়ন্ত্রক এবং মহাব্যবস্থাপক(বাণিজ্যিক) এর মতামতের ভিত্তিতে ৫ নং ধারণাটি বাস্তবসম্মত নয়। |
| ৫.৬ | আগামী ১৫(পনের) দিনের মধ্যে ইনোভেশন কমিটির একটি সভা করা যেতে পারে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | ১১/০৪/২০২৩ তারিখে সভা আহ্বান করা হয়েছে। |
| ৫.৭ | 4IR বিসিআইসিতে কিভাবে ও কত দ্রুত সময় Adopt করতে পারে সে বিষয়ে সুপারিশ প্রণয়নে ১। বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ-আহ্বায়ক ২। মহাব্যবস্থাপক(এমটিএস) ৩। মহাব্যবস্থাপক, উৎপাদন বিভাগ ৪। মহাব্যবস্থাপক, আরপিডি এবং ৫। মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ এ ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা যেতে পারে। কমিটি আগামী ৩১/০৩/২০২৩ তারিখের মধ্যে সুপারিশসমূহ ইনোভেশন কমিটির সভায় উপস্থাপন করবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | প্রস্তাব তৈরী করা হয়েছে। |

সভায় গত সভার সিদ্ধান্ত ৫.২ এর বিষয়ে জানতে চাওয়া হলে ইনোভেশন কমিটি'র সদস্য সচিব জনাব এ বি এম ফেরদৌস, বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ জানান শিল্প মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বিএসইসির পুরস্কার পরিদর্শনের জন্য গঠিত কমিটি পরিদর্শন করেছে। কমিটির রিপোর্টে বলা হয়েছে স্বয়ংক্রিয়ভাবে পাইপের হিট ট্রিটমেন্ট প্রযুক্তিটি উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী এবং বিআইএসএফ এ ব্যবহার করা যেতে পারে। জনাব কাজী আশরাফুল ইসলাম, মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি জানান হিট ট্রিটমেন্ট প্রযুক্তিটি উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরীতে বেশি ব্যাবহৃত হয়। পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি জনাব মোঃ শাহীন কামাল জানান স্বয়ংক্রিয়ভাবে পাইপের হিট ট্রিটমেন্ট প্রযুক্তিটি বিআইএসএফ এবং উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরীতে কার্যকরীভাবে প্রয়োগের জন্য নির্দেশনা দেয়া হলো। বিষয়টি মনিটরিং এর জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা যেতে পারে:

| | |
|---|---|
| মহাব্যবস্থাপক(আরপিডি) | - আহ্বায়ক |
| মহাব্যবস্থাপক(উৎপাদন) এর প্রতিনিধি | - সদস্য |
| প্রধান প্রকৌশলী(এমটিএস) এর প্রতিনিধি | - সদস্য |

এ কমিটি ইনোভেশন কমিটির প্রতি সভায় এর প্রতিবেদন দিবেন।

জনাব এ বি এম ফেরদৌস, বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ জানান অনলাইন কেইস ম্যানেজমেন্ট সিস্টেমটি চালু না থাকায় পরিদর্শন করা সম্ভব হয়নি। পরবর্তীতে চালু করা সম্ভব হলে বিএসইসি কর্তৃপক্ষ জানাবে। সিদ্ধান্ত ৫.৩ এর বিষয়ে জনাব এ বি এম ফেরদৌস, বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ জানান টিএসপিসিএল এর জনাব মো: আতাউর রহমান, ব্যবস্থাপনা পরিচালককে ইনোভেশন পুরস্কার দেয়া হয়েছিল। সেবা হিসেবে সিটিজেন চার্টার এ অর্ন্তভুক্ত করার জন্য সিটিজেন চার্টার প্রস্তুতকারী কমিটিকে গত ০৯/০২/২০২৩ তারিখে পত্র দেয়া হয়েছে। কিন্তু তাদের সিটিজেন চার্টারের উপর কোন সভা হয় নাই। সভাতে ইনক্লুড করার জন্য তারা সুপারিশ করবে। পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি জনাব মোঃ শাহীন কামাল জানান টিএসপিসিএল এর জনাব মো: আতাউর রহমান, ব্যবস্থাপনা পরিচালক কারখানার মিলিং-২ প্ল্যান্টে ব্যাগ ফিল্টার স্থাপন শিরোনামের ইনোভেশন সেবা হিসেবে সিটিজেন চার্টার এ অর্ন্তভুক্ত করার জন্য সিটিজেন চার্টার প্রস্তুতকারী কমিটিকে পুনরায় অনুরোধ জানিয়ে পত্র দিতে হবে এবং এর অন্তর্ভূক্তি নিশ্চিত করতে হবে। জনাব এ বি এম ফেরদৌস, বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ জানান জানান গত ২৮/০৩/২০২৩ তারিখে "Adoption of 4IR in sales services of BISF" এর শুভ উদ্বোধন করা হয়েছে। আমাদের নাগরিক পর্যায়ে কোন সেবা নেই। এটাকে নাগরিক সেবা হিসেবে দেখাতে পারি। এটা সিটিজেন চার্টার প্রস্তুতকারী কমিটির কাছে পাঠাতে পারি।

সিদ্ধান্ত ৫.৪ এর letter of appreciation সনদ প্রদানের জন্য ড্রাফট তৈরী করা হয়েছে। অনুমোদিত হলে দেয়া হবে। letter of appreciation সনদ প্রদানের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সভায় গত সভার সিদ্ধান্ত ৫.৫ এর বিষয়ে জানতে চাওয়া হলে ইনোভেশন কমিটি'র সদস্য সচিব জনাব এ বি এম ফেরদৌস, বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ জানান ইনোভেশন কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ৪র্থ সভায় নিম্নোক্ত ৫টি উদ্ভাবনী ধারণা নির্বাচন করেছেন। ৫ নং ধারণার বিষয়ে হিসাব নিয়ন্ত্রক এবং মহাব্যবস্থাপক(বাণিজ্যিক) এর মতামত ৫ নং ধারণাটি বাস্তবসম্মত নয়।

১। জনাব সেন সুখেন চন্দ্র, মহাব্যবস্থাপক(অপারেশন), টিএসপি কমপ্লেক্স এর এসএ-২ প্ল্যান্টের সেকেন্ড ইকনোমাইজার আউটলেট গ্যাসের তাপমাত্রা নিয়ন্ত্রণ, ডেমি ওয়াটার ড্রেনরোধসহ মাল্টিপল বেনিফিট অর্জন।

০২। জনাব কাজী মাসউদুর রহমান, উপ-প্রধান প্রকৌশলী (বিদ্যুৎ), ডিএপি ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড এর প্ল্যান্ট-১ এর প্রাইমারী স্ক্রীন (S-251) Control System Modification করা।

০৩। জনাব তরিকুল আলম, সহকারী প্রকৌশলী, যমুনা ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড এর 3D Printing Technology ব্যবহারে মাধ্যমে High Voltage Panel (6.6kv) এ ব্যবহৃত অকেজো 86 Lockout Relay সমূহ পুন:ব্যবহার যোগ্য করে তোলা।

০৪। জনাব মুহাম্মদ আসাদুজ্জামান, উপ-প্রধান রসায়নবিদ শাহজালাল ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড এর ইউরিয়া ও এ্যামোনিয়া প্ল্যান্ট থেকে সরবরাহকৃত Process Condensate লাইনে ওয়াটার কুলার স্থাপন করা।

০৫। জনাব মোঃ সলেহ ইবনে শমসের, মহাব্যবস্থাপক, উৎপাদন বিভাগ, বিসিআইসি এর সময় এবং ম্যানপাওয়ার কম ব্যবহার করে কারখানাসমূহে ক্রয় প্রক্রিয়া সম্পূর্ণকরণ।

সভাপতি মহোদয় উক্ত ১-৪টি ধারণাসমূহের বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাব যারা প্রেরণ করেছেন তাদের বক্তব্য উপস্থাপনের জন্য বলেন। অনলাইনে যুক্ত থেকে তারা তাদের বক্তব্য উপস্থাপন করেন। পরিচালক (উৎপাদন ও গবেষণা) জনাব মোঃ শাহীন কামাল জানান ৪টি ধারণা cost saving এর পাশাপাশি value add এবং time saving হচ্ছে কিনা physically দেখতে হবে। ৪টি ধারণা cost saving এর পাশাপাশি value add এবং time saving হচ্ছে কিনা physically দেখার জন্য যমুনা সার কারখানা, এসএফসিএল, ডিএপি এবং টিএসপি পরিদর্শনের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা যেতে পারে:

| | |
|---|---|
| মহাব্যবস্থাপক(আরপিডি) | - আহ্বায়ক |
| মহাব্যবস্থাপক(পরিকল্পনা বিভাগ) বা এর প্রতিনিধি | - সদস্য |
| মহাব্যবস্থাপক(উৎপাদন) বা এর প্রতিনিধি | - সদস্য |
| প্রধান প্রকৌশলী(এমটিএস) বা এর প্রতিনিধি | - সদস্য |

কমিটিকে আগামী ০১(এক) মাসের মধ্যে প্রতিবেদন জমা দেয়ার নির্দেশনা দেয়া হয়।

ইনোভেশন কমিটি'র সদস্য সচিব জনাব এ বি এম ফেরদৌস, বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ জানান যে 4IR বিসিআইসিতে কিভাবে ও কত দ্রুত সময় Adopt করতে পারে সে বিষয়ে সুপারিশ প্রণয়নে কমিটি প্রধান কার্যালয় এবং ফ্যাক্টরীর জন্য আলাদা প্রতিবেদন দিয়েছে। প্রধান কার্যালয়ের সাথে ফ্যাক্টরীর সরাসরি লিংক থাকবে। এ বছর 4IR এর উপর ট্রেনিং অনুমোদন নেয়া আছে। তারিখ ও সময় পেলে করা যাবে। অন্য আরেকটি ট্রেনিং এ কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরকে আমন্ত্রন জানানো যেতে পারে। পরিচালক(উৎপাদন ও গবেষণা) জনাব মোঃ শাহীন কামাল ইনোভেশন কমিটির সদস্যদের কাছ থেকে প্রশিক্ষণের শিরোনাম আহ্বান করেন। সভায় ডি-নথির কিছু সমস্যা নিয়ে আলোচনা করা হয়। ডি-নথির কার্যক্রম বাড়ানোর পরামর্শ প্রদান করা হয়।

৫. **সভার সিদ্ধান্তসমূহ:**

৫.১) সভায় পূর্ব প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে সভার নোটিশের সাথে পূর্ববর্তী সভার কার্যবিবরণী পুনরায় প্রেরণ করতে হবে।
বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.২) স্বয়ংক্রিয়ভাবে পাইপের হিট ট্রিটমেন্ট প্রযুক্তিটি বিআইএসএফ এবং উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরীতে কার্যকরীভাবে প্রয়োগের জন্য নির্দেশনা দেয়া হলো। বিষয়টি মনিটরিং এর জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো:

| | |
|---|---|
| মহাব্যবস্থাপক(আরপিডি) | - আহ্বায়ক |
| মহাব্যবস্থাপক(উৎপাদন) এর প্রতিনিধি | - সদস্য |
| প্রধান প্রকৌশলী(এমটিএস) এর প্রতিনিধি | - সদস্য |

এ কমিটি ইনোভেশন কমিটির প্রতি সভায় এর বাস্তবায়ন প্রতিবেদন দিবেন।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৩) টিএসপিসিএল এর জনাব মো: আতাউর রহমান, ব্যবস্থাপনা পরিচালক কারখানার মিলিং-২ প্ল্যান্টে ব্যাগ ফিল্টার স্থাপন শিরোনামের ইনোভেশন সেবা হিসেবে সিটিজেন চার্টার এ অর্ন্তভুক্ত করার জন্য সিটিজেন চার্টার প্রস্তুতকারী কমিটিকে পুনরায় অনুরোধ জানিয়ে পত্র দিতে হবে এবং এর অন্তর্ভূক্তি নিশ্চিত করতে হবে।
বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৪) "Adoption of 4IR in sales services of BISF" নাগরিক পর্যায়ের সেবা। এই সেবাটিকে "online এ BISF এর পণ্য বিক্রয়" শিরোনামে নাগরিক সেবা হিসেবে সিটিজেন চার্টার প্রস্তুতকারী কমিটিকে পত্র দিতে হবে এবং এর অন্তর্ভূক্তি নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৫) উদ্ভাবনী ধারণা প্রস্তাবকারী সকল সদস্যকে letter of appreciation সনদ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সনদসমূহ স্বস্ব কারখানায় সকল নোটিশ বোর্ডে প্রদর্শনপূর্বক showcasing করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৬) ৪টি উদ্ভাবনী ধারণা cost saving এর পাশাপাশি value add এবং time saving হচ্ছে কিনা physically দেখার জন্য যমুনা সার কারখানা, এসএফসিএল, ডিএপি এবং টিএসপি পরিদর্শনের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো:

| | |
|---|---|
| মহাব্যবস্থাপক(আরপিডি) | - আহ্বায়ক |
| মহাব্যবস্থাপক(পরিকল্পনা বিভাগ) বা এর প্রতিনিধি | - সদস্য |
| মহাব্যবস্থাপক(উৎপাদন) বা এর প্রতিনিধি | - সদস্য |
| প্রধান প্রকৌশলী(এমটিএস) বা এর প্রতিনিধি | - সদস্য |

কমিটিকে আগামী ০১(এক) মাসের মধ্যে প্রতিবেদন জমা দেয়ার নির্দেশনা দেয়া হয়।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৭) ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় প্রণীত কর্মপরিকল্পনার উপর দ্রুত একটি কর্মশালা আয়োজন করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৮) ইনোভেশন কমিটির সদস্যদের কাছ থেকে প্রাপ্ত শিরোনামের ভিত্তিতে একটি প্রশিক্ষণের আয়োজন করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬/০৪/২০২৬

কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম
পরিচালক (কারিগরি ও প্রকৌশল)(অতিঃ দায়িত্ব)
এবং
ইনোভেশন অফিসার, বিসিআইসি।